# সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্হান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৭/৯/২০২১ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্হিত সম্মানিত সদস্যগণকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্হাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর অত্র উপজেলায় রোপা আমন আবাদ হয়েছে ৮৫০০ হে. জমিতে। প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচীর আওতায় উপজেলার ৩০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে উচ্চ ফলনশীল পাটবীজ উৎপাদনের লক্ষ্যে প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়। এছাড়া মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলার ১২০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বিতরণ করা হয়েছে। বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষি বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের এবং ১২০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী সঠিকভাবে মাসকলাই আবাদ করে কিনা বিষয়টি তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্হ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। টিকার জন্য নিবন্ধিত হয়েছেন ৩৬,৮৫১ জন। ১ম ডোজ দেয়া হয়েছে ২২,১৩৫ জনকে। ২য় ডোজ ১০,৯১৩। ২৮/৯/২০২১ খ্রি. তারিখ গণটিকা কার্যক্রমের আওতায় প্রতি ইউনিয়নে একটি কেন্দ্রে ১৫০০ ভ্যাকসিন দেয়া হবে। নতুন কোন কোরোনা রোগী নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রয়োজনীয় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নসহ ২য় ডোজ টিকা প্রদানের বিষয়টি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্হ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় =২১,৩৩,০০০/- (একুশ লক্ষ তেত্রিশ হাজার) টাকা ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে। ২য় কিস্তির বরাদ্দ পাওয়া সাপেক্ষে ০৪ (চার) কিস্তি বরাদ্দ হিসাব করে প্রকল্প দাখিলের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে। | ০১। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অর্থ বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | জনস্বাস্হ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গত ০২ (দুই) অর্থবছরে বরাদ্দকৃত নলকূপগুলোর খননের কাজ খুব শীঘ্রই শুরু হবে। তবে পূর্বে অত্র এলাকায় যে প্রযুক্তির মাধ্যমে ৬ নং হ্যান্ড পাম্প দিয়ে পানি সরবরাহ করা হতো এখন সেটা হবে না। যেহেতু অত্র এলাকার অগভীর পানির স্তর অত্যধিক আয়রন সেহেতু এখন থেকে হাইড্রলিক রিক দিয়ে একটি গভীর নলকূপ স্থাপন করে সেখান থেকে পাইপ লাইনের মাধ্যমে ১০ টি পরিবারের মাঝে পানি সরবরাহ করা হবে। সম্ভাব্য সহায়ক চাঁদা =১.৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। ওয়াশব্লকসহ অন্যান্য দপ্তরীয় কাজ সঠিকভাবে চলছে। | সকল কার্যক্রম বিধি মেতাবেক ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্হ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী সর্বমোট ২২,৪৮৪ জনের মাধ্যে নগদ একাউন্টের মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এদের মধ্যে কয়েকজনের হিসাব কিছুটা ভুল ছিল যা সংশোধন করে ভাতা প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সঠিকভাবে ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় কেন্দ্রীয় সমবায় সমিতির ২০২০-২০২১ অর্থবছরের অডিট চলতি মাসে আরম্ভ হয়েছে। আগামী মাসের মধ্যে কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট সম্পাদন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। দেওয়ানগঞ্জ ইউসিসিএ লিঃ এর অন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটি নিয়োগ দেয়া হয়েছে।<br>০২। প্রাথমিক সমবায় সমিতির ২০২০-২০২১ অর্থবছরের অডিট কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত হচ্ছে।<br>০৩। সমবায় সমিতিগুলোর নিয়মিত পরিদর্শন তদারকিসহ বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>০৪। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের উপকার ভোগীদের নিকট হতে ঋণ আদায়ের চেষ্টা চলছে। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। বীর নিবাস এর লটারীর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।<br>০২। আসন্ন শারদীয় দূর্গা পূজা ২১ টি মন্ডপে অনুষ্ঠিত হবে। পৌরসভা-১৩ টি, দেওয়ানগঞ্জ ইউপিতে ০৩ টি, চুকাইবাড়ী-০২ টি, চিকাজানী-০১ টি এবং হাতীভাংগা-০২ টি।<br>০৩। উপজেলা পরিষদের কাবিটা ও টিআর এর বরাদ্দ পাওয়া গেছে। দ্রুতই বিভাজন করে উপবরাদ্দ প্রদান করা হবে। | কাবিটা ও টিআর এর বরাদ্দ দ্রুত বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ০৪। ৩৩৩ তে কলকারীদের প্রতি সপ্তাহ মঙ্গলবার খাদ্য সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে দীর্ঘ ১৮ মাস পর বিদ্যালয়ের ক্লাশ চালু হয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য বিধির যাবতীয় নিয়ম কানুন মেনে শ্রেণী কার্যক্রমে অংশগ্রহণের বিষয়টি প্রধান শিক্ষকগণ নিশ্চিত করেছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্বাস্থ্য বিধির আওতায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। সরকারী নির্দেশনা মেনে স্কুল, কলেজ ও মাদ্রাসা পাঠদান উপযোগী করারা জন্য পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে। মাস্ক, হ্যান্ড সেনিটাইজার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সংরক্ষণ করা হয়েছে। নির্দেশনা মোতাবেক এ্যাসাইনমেন্ট প্রদান ও জমা নেয়া হচ্ছে। সকল শিক্ষক কর্মচারীগণকে কোভিড-১৯ ভ্যাকসিন এর আওতায় আনা হয়েছে। মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ব্যক্তিগতভাবে =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাস্ক ক্রয়ের জন্য দিয়েছেন। মাস্ক ক্রয় করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ মহোদয়ের মাধ্যমে ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। দেওয়ানগঞ্জ এ, কে, এম মেমোরিয়াল কলেজে নকলমুক্ত পরিবেশে ডিগ্রী পরীক্ষা চলমান রয়েছে। আগামী ৩০/৯/২০২১ খ্রি. তারিখ পরীক্ষা শেষ হবে। ০২/১০/২০২১ খ্রি. তারিখ ডিগ্রী ৩য় বর্ষের পরীক্ষা শুরু হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>১। সেপ্টেম্বর/২১ মাসে মোট সক্ষম দম্পতি ৬০১৩৮ জন, মোট গ্রহণকারী ৪৮২৬৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.২৬%। স্থায়ী পদ্ধতি = ০৫ জন মহিলা, IUD- ০৯ জন, আপন-১৭৯ চক্র, কনডম-১৩০৭৪ পিস, ইনজেকশন ভায়েল- ১৮৯১ ভায়াল, খাবার বড়ি সুখি ৯২০০। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম এবং করোনাভাইরাস প্রতিরোধে মাঠকর্মীদের স্বাস্থ্যবিধি মেনে সচেতনতার সাথে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় গবাদি পশু চিকিৎসা কার্যক্রম ভালোভাবে চলছে। এছাড়া কৃত্রিম প্রজনন কার্যক্রমও সুন্দর এবং সঠিকভাবে চলছে। টিকা প্রদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৪/১০/২০২১ খ্রি, তারিখ হতে ২৫/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ লক্ষ্যে ২২ দিন ইলিশ মাছ ধরা, বাজার জাত করা, নিজের আয়ত্বে রাখা ইত্যাদি কার্যক্রম থেকে বিরত থাকার জন্য জেলে এবং মৎস্য জীবিদেরকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়। এই সময়ে ইলিশ মাছের অবাধ প্রজনন কার্যক্রম সম্পূর্ণ করার জন্য আইনি সহায়তা প্রদান করার জন্য আইন শৃংখলা বাহিনীর সহযোগীতা কামনা করা হয়। এছাড়া সকল ইউপি চেয়ারম্যানগণ ও সম্মানীত সদস্যগণেরও সহযোগীতা কামনা কর হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | ০৪/১০/২১ খ্রি. তারিখ হতে ২৫/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ২২ (বাইশ) দিন যেন কোন মৎস্যজীবি মাছ না ধরে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অতিঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি অর্থবছরে কোন ঋণ বিতরণ করা হয়নি। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের (ঘূর্ণায়মান তহবিল) পরিমাণ =৩,০৭,২৫,৮০০/- (তিন কোটি সাত লক্ষ পঁচাশি হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য =২,৬৮,৮৩,১৪৭/- (দুই কোটি আটষট্টি লক্ষ তিরাশি হাজার একশত সাতচল্লিশ) টাকা। ক্রমপুঞ্জিত আদায় =২,৪৬,৫৪,২২০/- (দুই কোটি ছেচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার দুইশত বিশ) টাকা। আদায়ের শতকরা হার ৯২%। খেলাপী ঋণের পরিমাণ =১৬,৯৬,২৫৫/- (ষোল লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত পঞ্চান্ন) টাকা। খেলাপী অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে ২০২১-২০২২ অর্থবছরে আবেদন পত্র দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>০২। সেপ্টেম্বর/২১ মাসের ভিজিডির ডিও প্রদান করা হয়েছে।<br>০৩। আইসিভিজিডির ২য় পর্যায় অবহিতকরণ সভা এবং কিশোর কিশোরী ক্লাবের ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (CMC) অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।<br>০৪। IGA প্রকল্পের ব্লক বাটিক ও বিউটিফিকেশন প্রশিক্ষনার্থী নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে ২০২১-২০২২ অর্থবছরে আবেদন পত্র জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মাসে ঋণ আদায় ০.৩০। ঋণ বিতরণ নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ আদায় ও বিতরণ না হওয়ার কারণ আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। মাননীয় সংসদ সদস্য কর্তৃক তালিকা অনুযায়ী ২,৫০০ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে।<br>০২। কৃষকলীগের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ৫০০০ টি চারার বরাদ্দ পাওয়া যায়নি বিধায় চারা বিতরণ সম্ভব হচ্ছে না। | চারা বিতরণ কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৭) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ পৌরসভার কার্যক্রম ভালোভাবে চলছে। সরকারী খাস জমি উদ্ধারপূর্বক গাছ লাগানোর বিষয়ে সভাকে অবহিত করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮) | আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে,<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি মোট ঋন বিতরণ- ১২.৩৫ লক্ষ<br>মোট সদস্য- ১১,৮৫০ জন মোট তহবিল- ১৪.১৮ লক্ষ<br>মোট সঞ্চয় - ৬.৪৮ লক্ষ মোট ঋন আদায়- ৫.৮০ লক্ষ | আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার/<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪১৯১ জন<br>গ) মোট ঋনী সদস্য- ৩৩৫৩ জন<br>ঘ) মোট ঋন বিতরণ- ৫৯,৮০,০০০/-<br>ঙ) মোট ঋন আদায়- ৫৪,৪১,৮৯০/-<br>চ) মোট সঞ্চয় আদায়- ৯,৮৬,৬৪৭/-<br>ছ) আদায় হার- ৯৭%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যেক্তা সংখ্যা- ৭৩ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ১৫,৫০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১৩,৬০,৯৬০/-<br>ঘ) আদায় হার- ৯৫%<br>ঙ) সয়ম্ভরতার হার- ৯৭% | ঋন আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলার ০৮ (আট) টি ইউনিয়নে সেপ্টেম্বর/২১ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচীতে নতুন ৬৬৫ জন সুবিধাভোগী অন্তর্ভূক্ত করা হয়।পূর্বের ১৯,২০৯ জন সুবিধাভোগী ও বর্তমানে নতুন ৬৬৫ জনসহ মোট সুবিধাভোগী ১৯৮৭৪ জন। এই সুবিধাভোগীদের মাঝে মাথাপিছু ৩০ কেজি মোট ৫৯৬.২২০ কেজি চাউল বিতরণ করা হচ্ছে। ০৮ (আট) টি ইউনিয়নে সর্বমোট ৩৬ জন ডিলার (খাদ্য বান্ধব) রয়েছেন। এছাড়া পৌরসভার অনুকূলে ০৩ (তিন) জন ডিলার দিয়ে **OMS** এর মাধ্যমে চাউল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় খাদ্য বর্তমান মজুদ পরিষ্থিতি চাউল-১৫৬৪.০৭১ মে. টন এবং গম-৩.০০৫ মে.টন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ না পাওয়ায় উঠান বৈঠক কার্যক্রম স্থগিত করা হয়েছে। দপ্তরীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর উঠান বৈঠক কার্যক্রম বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ০২ (দুই) জনগ্রাম পুলিশ মারা গেছেন। ০১ (এক) জন অবসরে। চকিদার নিয়োগের জন্য অনুরোধ জানান। দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী এঁর ৭৫ তম জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন করেন। ডাংধরা ইউনিয়নে বিভিন্ন এলাকায় বৃষ্টিতে রাস্তা-ঘাট ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। পাথরের চর ভারত হতে আসা ঝরণা ধারা প্রবাহিত হওয়ার ফলে নদীর পানি বৃদ্ধির ফলে হাইওয়ে রোডসহ বিভিন্ন প্রতিষ্ঠান বিলীন হওয়ার আশংকা রয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। গোয়াল কান্দা ০৯ নং ওয়ার্ডে ড্রেজার দিয়ে মাটি উত্তোলনের চেষ্টা করা হচ্ছে। ড্রেজার বন্ধের জন্য অনুরোধ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার গরীব জনগণের মাঝে জমি ঘর প্রদানের বিষয়ে আলোচনা করেন। সুবিধাভোগীদের মাঝে সম্পূর্ণকৃত ঘরের দলিলসহ কাগজপত্র প্রদান করা হয়েছে। | ডাংধরা ইউপির সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান জানান যে, সানন্দবাড়ী বাজার রাস্তা ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। এছাড়াও তাঁর ইউনিয়নে কাজী নিয়োগ না হওয়ার কারণে বাল্য বিবাহ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। খুব শীঘ্রই কাজী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | জনগণের চলাফেরার সুবিধার্থে রাস্তা মেরামত/সংস্কারের বিষয়ে সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসা |
| ২৪) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। এছাড়াও তাঁর ইউনিয়নেগ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | গ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২৬) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে গত অর্থবছরে এডিপির আওতায় বাউন্ডারী ওয়ালের এবং মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়নি। ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। কাজটি সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও বিভিন্ন জায়গায় রাস্তা ভেংগে যাওয়ার ফলে জনগণের চলাফেরায় দুর্ভোগের সৃষ্টি হয়েছে। রাস্তাগুলো সংস্কার/মেরামত প্রয়োজন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান, মাননীয় প্রধানমন্ত্রী এঁর ৭৫ তম জন্মদিনের শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বিভিন্ন উপজেলায় স্ট্রীট লাইটের বরাদ্দের বিষয়ে সভাকে অবহিত করেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিভিন্ন জায়গায় স্ট্রীট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের নিমিত্ত একত্রে কাজ করার প্রত্যয়ে বক্তব্য শেষ করেন। | অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিভিন্ন জায়গায় স্ট্রীট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে দীর্ঘ ১৮ মাস পর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাশ চালু হয়েছে। শিক্ষার্থী উপস্থিতির হার কিছুটা কম থাকলেও পরবর্তীতে বৃদ্ধি হওয়ার আশা করছেন। এছাড়াও তিনি গ্রাম পুলিশ নিয়োগের জন্য অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | গ্রাম পুলিশ নিয়েগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভাতে অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি সমাজসেবা অফিস, দেওয়ানগঞ্জ নতুন যোগদানকৃত অফিসারকে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অনুরোধ জানান। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সমাজসেবা অফিসের মাধ্যমে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের সেবা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। চরআমখাওয়া ইউনিয়নের মিতালী বাজার গ্রামে ট্রেনে দুর্বত্তদের মাধ্যেমে নিহতের পরিবারের মাঝে উপজেলা নির্বাহী অফিসার বকশীগঞ্জ, দেওয়ানগঞ্জ (অঃ দাঃ) কর্তৃক =২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া তিনিও সমাজসেবা অফিসের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতা প্রাপ্যতার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর উপস্থিতির বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ মহোদয় বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঁর ৭৫ তম জন্মদিন উপলক্ষে সভায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী অফিসার অন্যত্র বদলী হওয়ার কারণে উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, দেওয়ানগঞ্জ (অঃ দাঃ) কে শুভেচ্ছা জানান। উপজেলা পরিষদ মাসিক সভায় সংশ্লিষ্ট বিভাগ ও ইউপি চেয়ারম্যানগণের উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাধ্যমিক ও প্রাথমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধির জন্য যথাযথ সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া কাজী ও ইউনিয়ন পরিষদে চকিদার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করেন। বিভিন্ন ইউনিয়নের ভেংগে যাওয়া রাস্তা ঘাট জনসাধারণের চলাচলের সুবিধার্থে সংস্কার/মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। সুখী সমৃদ্ধ দেশ গঠনে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ও উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম এগিয়ে নিতে মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ মহোদয়ের শারীরিক সুস্থ্যতা কামনা করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে একত্রে কাজ করতে অনুরোধ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঁর ৭৫ তম জন্মদিন উপলক্ষে সভায় মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ মাননীয় এমপি মহোদয় উপজেলা পরিষদ সভাকক্ষে কোভিড-১৯ বিস্তার রোধকল্পে এবং বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য রেখেছেন। কোরোনাকালীন সময়ে তিনি ঢাকায় অবস্থান করলেও প্রতিদিন তিনি ফোন করে সাধারণ জনগণের খোঁজ খবর রেখেছেন। তিনি দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জের মানুষের অভিভাবক। বিভিন্ন রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট, স্কুল, কলেজ উন্নীতকরণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের রূপকার মাননীয় এমপি মহোদয়। কাজী নিয়োগ ও যেসব ইউনিয়নে চকিদার নিয়োগ প্রয়োজন সে সমস্ত ইউপিতে চকিদার নিয়োগের জন্য অনুরোধ | আলোচনান্তে সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | জানান। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | | |
| ৩৪) | সেপ্টেম্বর/২১ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। সেপ্টেম্বর/২১ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১৩,১২৫/-(তের হাজার একশত পঁচিশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | সেপ্টেম্বর/২১ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৮,১২৫/- (আটাশ হাজার একশত পঁচিশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৬) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৮ বঙ্গাব্দে দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ (তের) টি হাট বাজারের মধ্যে ০৯ (নয়) টি হাট ইজারা হয়েছে। তন্মধ্যে ০৮ (আট) টি হাটের ভ্যাট আয়করসহ সকল টাকা ইজারদারগণ পরিশোধ করেছেন। সানন্দবাড়ি হাটের ইজারাদারের নিকট সর্বমোট =৯,২৫,২৫০/- (নয় লক্ষ পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পাওনা রয়েছে। তিনি প্রতি হাটে =১,০০০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করবেন মর্মে জানান। অবশিষ্ট ০৪ (চার) টি হাটের ইজারা হয়নি। সরকারি হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী বিজ্ঞপ্তি দেয়া আছে এবং খাস আদায় কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। | সানন্দবাড়ী হাটের ইজারাদারকে অবিলম্বে অবশিষ্ট টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | বিবিধ ঃ<br>ক) জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর (স্থানীয় সরকার শাখা) স্মারক নং-০৫.৪৫.৩৯০০.০১৪.০০১.০৯.১৫-৩৬৫, তারিখ ঃ ২৩/৮/২০২১ খ্রি. মূলে ২০২১-২২ অর্থবছরের ইউনিয়ন পরিষদ সচিবদের ইউপি অংশের ২৫% বেতন ভাতাদি, ৫০% উৎসব ভাতা, ৫০% আনুতোষিক ভাতা, ৫০% বাংলা নববর্ষ ভাতা, ১০০% ল্যামগ্র্যান্ট ও শ্রান্তিবিনোদন ভাতা এবং মুল বেতনের ১০% ইউপি অংশের সিপিএফ কর্তনের অর্থ অংশ হিসেবে অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ইউপি অংশের বেতন ভাতাদি =৭,১৫,৫০০/-, উৎসব ভাতা=১,৭৩,৬৬৪/-, আনুতোষিক ও ল্যামগ্র্যান্ট ভাতা=১৩,৫০,৬৭৫/-, মূল বেতনের ১০% হারে ইউপি অংশের সিপিএফ কর্তন বাবদ=১,৭৯,৩২৮/- সর্বমোট=২৪,১৯,১৬৭/- (চব্বিশ লক্ষ উনিশ হাজার একশত সাতষট্টি) টাকা জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের অনুকূলে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচহাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | ক) উল্লিখিত ইউনিয়ন পরিষদ সচিবদের ইউপি অংশের অর্থ =২৪,১৯,১৬৭/- (চব্বিশ লক্ষ উনিশ হাজার একশত সাতষট্টি) টাকা জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের অনুকূলে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উল্লিখিত ব্যয় বাবদ=৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৭/৯/২১

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/৭৭৭ (৪০)　　　　তারিখ ঃ ২৭/৯/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সহকারী সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান..............................................,ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৭/৯/২১

মুন মুন জাহান লিজা
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
দেওয়ানগঞ্জ, জামালপুর।